



স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯. ২৭৬

তারিখঃ ০১ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ  
১৬ জুলাই ২০১৯ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক  
ডেনিম এ্যাটোরিস লিঃ  
প্লট-৪১ ও ৪২, সিলমুন, টঙ্গী  
গাজীপুর-১৭১০।

QF-PRJ-06

বিষয়ঃ সংশোধিত লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।

- সূত্রঃ (১) আবেদন নথি নং-৯৭১ (টঙ্গী পূর্ব), এসই(পিএভি)- ৪১৮, তাং-১৪/০৩/২০১৬ ইং।  
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৮.১৭০১, তাং-১৫/১১/২০১৮ ইং।  
(৩) আপনার ০৯/১২/২০১৮ ইং তারিখের পত্র।  
(৪) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৮.১৮৬৭, তাং-৩১/১২/২০১৮ ইং।  
(৫) আপনার ১৯/০৬/২০১৯ ইং তারিখের পত্র।


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'ডেনিম এ্যাটোরিস লিঃ', প্লট-৪১ ও ৪২, সিলমুন, টঙ্গী, গাজীপুর স্থাপনার বিদ্যমান ২৪০ কিঃওঃ লোডের সহিত ডেনিম আর্ট লিঃ এর স্থানান্তরিত ২২৭ কিঃওঃ লোড অর্থাৎ সর্বমোট (২৪০+২২৭) = ৪৬৭ (চারশত সাতষট্টি) কিঃওঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে ডেসকো'র পলিসি গাইড লাইন অনুযায়ী নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্রের মেয়াদ বর্ধিত করা হইলো:-

#### শর্তসমূহঃ

- ১। 'ডেনিম আর্ট লিঃ' এর বর্তমানে অনুমোদিত ২২৭ কিঃওঃ লোড 'ডেনিম এ্যাটোরিস লিঃ' এর বর্তমান উপকেন্দ্রে ট্রান্সফরমারের সক্ষমতা মোতাবেক স্থানান্তরিত হবে। বিদ্যমান ৩৩/১১ কেভি ট্রান্সফরমার ও ১১ কেভি ফিডারের কোন লোড বৃদ্ধি/হ্রাস হবে না বিবেচনায় উক্ত উপকেন্দ্রের জন্য ৪৬৭ (চারশত সাতষট্টি) কিঃওঃ লোডের ছাড়পত্র ইস্যু করা হইলো।
- ২। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কিমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- ৩। বিদ্যুৎ চাহিদা ৫০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৪। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (টঙ্গী পূর্ব) বরাবর আবেদন করতে হবে।
- ৫। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওডার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কিমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৬। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৭। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৮। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৯। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ১০। বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কোন কারণে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- ১১। সংযোগ গ্রহণকালীন সময়ে সংশ্লিষ্ট ১১ কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ধিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- ১২। উক্ত ছাড়পত্র সেপ্টেম্বর-২০১৯ ইং সাল পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

  
16/7/19  
(প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএভি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- ১। প্রধান প্রকৌশলী (পিএভি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএভি অপারেশন, ইস্ট জোন-২।
- ৩। নিবাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (টঙ্গী পূর্ব)।
- ৪। অফিস কপি।